107

দৈনিক ইত্তেফাক

তারিখ 06 FEB 1998
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# কুমিল্লা বোর্ডের ১৭শত এইচএসসি পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

কুমিল্লা হইতে সংবাদদাতা ॥ কুমিল্লা শিক্ষা বোর্ডের ১৯৯৭ সালের ১৭০০ এইচ, এস, সি পরীক্ষার্থীর ভবিষ্যৎ নিয়া তাহারা ও অভিভাবকেরা উৎকণ্ঠায় রহিয়াছেন। গত বছর কলেজ পরিবর্তন করিয়া পরীক্ষায় অংশগ্রহণ করিবার কারণে ৩ হাজার ৯১১ জন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ স্থগিত রাখা হয়। পরে শিক্ষা মন্ত্রণালয়ের তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে ২৭৭৮ জনের ফলাফল প্রকাশ করা হয় এবং ১২৩৩ জনের ফলাফল স্থগিত রাখা হয়। প্রকাশিত ফলাফলে প্রায় ৫০০ জন অকৃতকার্য হয়। এই অকৃতকার্যদের এবং এখনো স্থগিত ১২৩৩ জনের ভবিষ্যৎ কি হইবে তাহা মন্ত্রণালয় হইতে কিছু বলা হয় নাই। তাহাদের ফলাফল প্রকাশ হইবে কিনা, না হইলে তাহারা কোথা হইতে পরীক্ষা দিবে, যাহারা ফেল করিয়াছে তাহারাইবা কোথা হইতে পরীক্ষা দিবে কুমিল্লা শিক্ষা বোর্ড এই ব্যাপারে কিছুই বলিতে পারিতেছে না। এদিকে ১৯৯৮ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণের শেষ তারিখ ৮ মার্চ।